



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয়, চাঁপাপুর, কুমিল্লা।

২০১৭-১৮ ইং অর্থ বছরে ঠিকাদার তালিকাভুক্তি নবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

অত্র কোম্পানীতে তালিকাভুক্তি ১.১, ১.২, ১.৩ ও ১.৪ শ্রেণীর গ্যাস পাইপ লাইন নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের মধ্যে যে সকল ঠিকাদার ২০১৬-১৭ ইং অর্থ বছরের জন্য তাদের প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন করেছেন তাদের নিকট হতে ২০১৭-১৮ অর্থ বছরে তালিকাভুক্তি নবায়নের জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। তালিকাভুক্তি নবায়নের লক্ষ্যে আবেদনের সংগে যে সকল কাগজপত্র ও বিভিন্ন খাতে যে পরিমান অর্থ (১৫% ভ্যাটসহ) জমা দিতে হবে তা নিম্নে উল্লেখ করা হলো :

নবায়ন ফি

(ক) ১.১ শ্রেণী	২০০০.০০	টাকা	অফেরৎযোগ্য	বর্ণিত অর্থ অত্র কোম্পানীর কুমিল্লাস্থ প্রধান কার্যালয়ের হিসাব বিভাগে নগদ জমা দিতে হবে।
(খ) ১.২ শ্রেণী	৪০০০.০০	টাকা		
(গ) ১.৩ শ্রেণী	৫০০০.০০	টাকা		
(ঘ) ১.৪ শ্রেণী	৭০০০.০০	টাকা		

কাগজপত্রাদি :

- নবায়ন ফি জমাদানের মূল রশিদ।
- সাম্প্রতিক তোলা ০৪ (চার) কপি স্ট্যাম্প সাইজ রঙিন ছবি।
- ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- ২০১৬-১৭ ইং অর্থ বছরের আয়কর প্রদান সংক্রান্ত আয়কর প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি।
- ২০১৭-১৮ ইং অর্থ বছরের ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি।
- জনবলের তালিকা (সিডিউলের সাধারণ শর্তাবলীর ১৪.১ ধারা অনুযায়ী), জনবলের নিয়োগপত্র ও হালনাগাদ সনদ পত্রের সত্যায়িত কপি (ওয়েল্ডার ও ফিটারদের সনদপত্র পরীক্ষণ ও মান-নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক প্রত্যায়িত হতে হবে)।
- কার্যক্রম যন্ত্রপাতি, মেশিনারী ও সাজ সরঞ্জামের তালিকা (সিডিউরের সাধারণ শর্তাবলীর ১৪.২ ধারা অনুযায়ী) মেশিনারীর ক্ষেত্রে রেজিস্ট্রেশন নং, ইঞ্জিন নং এবং চেসিস নং অবশ্যই উল্লেখ করতে হবে এবং Survey Inspection Certificate এর মূলকপি।
- তালিকাভুক্তি তফসিল অনুযায়ী হালনাগাদ তৃতীয় পক্ষের দায় বীমা পলিসির মূল কপি।
- ব্যাংক কর্তৃক সর্বাধিক ০২ (দুই) মাস পূর্বে ইস্যুকৃত ব্যাংক সলভেন্সি (১.১ ও ১.২ শ্রেণীর ক্ষেত্রে ন্যূনতম দুই লক্ষ টাকা, ১.৩ ও ১.৪ এর ক্ষেত্রে ন্যূনতম ১০.০০ লক্ষ টাকার সনদ পত্রের মূল কপি (অস্পষ্ট বর্ণনার ক্ষেত্রে গ্রহণযোগ্য নয়)।
- পূর্ববর্তী বছরে ইস্যুকৃত তালিকাভুক্তির সনদ/তালিকাভুক্তি নবায়নের সনদপত্রের ফটোকপি।
- বিজিডিসিএল কিংবা পেট্রোবাংলার অন্য কোন কোম্পানী কর্তৃক সাময়িক স্থগিত/কালো তালিকাভুক্ত নয় মর্মে ৩০০.০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প অংগীকার পত্র (শুধুমাত্র ১.৩ ও ১.৪ এর জন্য প্রযোজ্য)।

উপরোক্ত প্রয়োজনীয় অর্থ কোম্পানীর কুমিল্লাস্থ প্রধান কার্যালয়ের হিসাব বিভাগে জমাদানের মূল রশিদ ও চাহিদাকৃত কাগজপত্রাদির কপিসমূহসহ আবেদনপত্র একটি ক্লিপ ফাইলে আগামি ২৬.১১.২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তরে জমা দিতে হবে। নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে প্রয়োজনীয় অর্থ ও চাহিদাকৃত কাগজপত্রাদি জমাদানে ব্যর্থ ঠিকাদারগণ বিজিডিসিএল এর কোন দরপত্রে অংশগ্রহণ ও অন্য কোন কাজ করতে পারবে না। যে সকল ঠিকাদার ২০১৬-১৭ ইং অর্থ বছরে তাদের প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন সম্পন্ন করেন নাই তাদেরকেও একই তারিখ ও সময়ের মধ্যে বর্ণিত অর্থ বছরের তালিকাভুক্তি নবায়নের জন্য আবেদন করার পরামর্শ প্রদান করা যাচ্ছে। এ ক্ষেত্রে তাদের আবেদন কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হলেই কেবলমাত্র তালিকাভুক্তি নবায়ন কার্যক্রম গ্রহণ করা হবে।

বিতরণ : সকল স্থাপনার নোটিশ বোর্ড/বিজিডিসিএল এর ওয়েব সাইট।

কর্তৃপক্ষ

০৭/১১/১৭

উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
চাঁপাপুর, কুমিল্লা।